

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ঢাকা।

বিজ্ঞপ্তি - ৩৮ -জি,

তারিখঃ ২২/০১/২০১৫ খ্রিঃ

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা মহোদয় ২২ জানুয়ারী ২০১৫ খ্রিঃ তারিখে অধঃস্তন আদালত ও ট্রাইব্যুনাল সমূহের জজ ও ম্যাজিস্ট্রেটগণের জন্য নিম্ন বর্ণিত নির্দেশাবলী প্রদান করেছেন।

## নির্দেশাবলীঃ

০১। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এবং সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রারের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করবেন না।

০২। জেলা ও দায়রা জজ ও মহানগর দায়রা জজগণ Criminal Rules and Order, Volume-1 এর বিধি ৪৮০ অনুযায়ী প্রতি ০৩ মাস অন্তর বিচার বিভাগীয় সম্মেলনের আয়োজন করবেন। উক্ত সম্মেলন অবশ্যই সাপ্তাহিক ছুটির দিনে (শনিবার) আয়োজন করতে হবে এবং সম্মেলনের কার্যবিবরণী সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার বরাবর প্রেরণ করতে হবে। উক্ত সম্মেলনে বিধিতে বর্ণিত বিচারক ও সংশ্লিষ্ট সকলকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

০৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ Criminal Rules and Order, Volume-1 এর বিধি ৪৮১ অনুযায়ী প্রত্যেক মাসে অবশ্যই পুলিশ ম্যাজিস্ট্রেটসি সম্মেলন এর আয়োজন করবেন। উক্ত সম্মেলন অবশ্যই সাপ্তাহিক ছুটির দিনে (শনিবার) আয়োজন করতে হবে এবং সম্মেলনের কার্যবিবরণী সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার বরাবর প্রেরণ করতে হবে। উক্ত সম্মেলনে বিধিতে বর্ণিত বিচারক ও সংশ্লিষ্ট সকলকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

০৪। জেলা ও দায়রা জজ/অতিরিক্ত জেলা ও দায়রা জজগণ ফৌজাদারী বিবিধ মামলাগুলো নিষ্পত্তি করতঃ দায়রা/অন্যান্য বিশেষ আইনের মামলাগুলোর বিচার কাজ শুরু করবেন এবং অবশ্যই প্রত্যেক কর্মদিবসের অপরাহ্নে অর্থাৎ ০২.০০ ঘটিকা থেকে ০৪.৩০ ঘটিকার মধ্যে দেওয়ানী আপীল/দেওয়ানী রিভিশন/ফৌজাদারী আপীল/ফৌজাদারী রিভিশন এবং অন্যান্য মূল দেওয়ানী মামলাগুলোর বিচার কার্য সম্পন্ন করবেন।

০৫। সংশ্লিষ্ট সকলকে বর্ণিত নির্দেশাবলী প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এসএম কুদ্দুস জামান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৫৬২৭৮৫

স্মারক নং - জি, তারিখ-

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

- ১। জেলা জজ----- (সকল)
- ২। মহানগর দায়রা জজ,----- (সকল)
- ৩। বিভাগীয় স্পেশাল জজ (জেলা জজ),----- (সকল)
- ৪। স্পেশাল জজ (জেলা জজ)----- (সকল)
- ৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,----- (সকল)
- ৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)
- ৭। বিচারক(জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,----- (সকল)
- ৮। সদস্য(জেলা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ----- (সকল)
- ৯। সদস্য(জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ----- (সকল)
- ১০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা -----
- ১১। বিচারক (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)
- ১২। বিচারক (জেলা জজ)পরিবেশ আপীল আদালত,-----
- ১৩। সদস্য(জেলা জজ), কাষ্টমস, এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ----- (সকল)
- ১৪। চেয়ারম্যান(জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট, ----- (সকল)
- ১৫। সদস্য(জেলা জজ), কর আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা -----
- ১৬। বিচারক (জেলা জজ) সাইবার ট্রাইব্যুনাল ঢাকা,-----
- ১৭। চেয়ারম্যান(জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা -----
- ১৮। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----- (সকল)
- ১৯। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল)

অবগতির জন্যঃ

- ১। মহা পুলিশ পরিদর্শক।
- ২। সচিব (দায়িত্বপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক ----- (সকল)।
- ৪। পুলিশ সুপার ----- (সকল)।